ইরানের সঙ্গে আলোচনায় অগ্রগতির কথা জানালেন ভ্যান্স



যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে চলমান সংঘাত নিরসনে আলোচনার মাধ্যমে অগ্রগতি হয়েছে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। সমঝোতায় পৌঁছানোর বিষয়ে তিনি ও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আশাবাদী বলে জানান। খবর আনাদোলু এজেন্সির।

সোমবার (২ নভেম্বর) সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ভ্যান্স বলেন, এ বিষয়ে প্রায় এক ঘণ্টা আগে ট্রাম্পের সঙ্গে আমার কথা হয়েছে। আলোচনার মাধ্যমে সমাধানে পৌঁছানোর সম্ভাবনা নিয়ে তাঁরা দুজনই আশাবাদী।

ভ্যান্স বলেন, ইরান কখনো কখনো অনিশ্চিত আচরণ করলেও আলোচনায় অগ্রগতি হয়েছে। সামনে পরিস্থিতি কোন দিকে যায়, তা দেখার বিষয়। ইরানকে নতুন করে হামলার আগে কোনো সময়সীমা দেওয়া হয়েছে কি না, এমন প্রশ্নে তিনি বলেন, এ ধরনের কোনো সময়সীমা নির্ধারণ করা হয়নি।

তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রের প্রধান লক্ষ্য ইরানের পারমাণবিক কর্মসূচি পুনরায় চালু হওয়া ঠেকানো। এ বিষয়ে তেহরানকে কঠোর ও যাচাইযোগ্য প্রতিশ্রুতি দিতে হবে।

এর আগে সোমবার ওয়াশিংটনে এক অনুষ্ঠানে ট্রাম্প বলেন, সংঘাত বন্ধে ইরান একটি চুক্তি করতে আগ্রহী। এমন চুক্তি হওয়ার সম্ভাবনাও রয়েছে। তিনি আরও দাবি করেন, ইরান তাদের নেতাদের লক্ষ্য করে হামলা বন্ধ করতে যুক্তরাষ্ট্রকে অনুরোধ করেছে এবং ওয়াশিংটন তা বন্ধ করবে।

গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানে হামলা শুরু করার পর থেকে মধ্যপ্রাচ্যে উত্তেজনা চলছে। এর জবাবে ইরানও অঞ্চলজুড়ে পাল্টা হামলা চালায়। পরবর্তী সময়ে কূটনৈতিক আলোচনা ও জুনে দুই দেশের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলেও নিরাপত্তাব্যবস্থা এবং হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল নিয়ে মতবিরোধ এখনো রয়েছে।